

# ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.০৭.০৪৫.২৪ নথির বিষয়: Supply of necessary equipments and spare parts with related works for chlorine system maintenance.

নোট: ১ নোটের বিষয়: Supply of necessary equipments and spare parts with related works for chlorine system maintenance কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

## অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/১০/২৪ ১১:৩৩ অপরাহ্ন

সংযুক্তি ক্রঃ নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্লোকুলেন্ট লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগারের ক্লোরিনেশন সিস্টেমে ৪.০ কিলোওয়াট ১৬.২ ঘনমিটার/ঘন্টা ক্ষমতার ২ সেট বুস্টার পাম্প মোটর, ২টি ভ্যাকুয়াম রেগুলেটর, ২টি ইনজেক্টর, হেডার পাইপ লাইন, হিটার, কানেকটিং পাইপ, আইসোলেশন ভাল্ব এসেম্বলী সেট প্রভৃতি মালামাল রয়েছে। মালামালগুলো দীর্ঘদিন ধরে ক্লোরিনেশন সিস্টেমে ব্যবহৃত হচ্ছে। সেই কারণে ক্লোরিন গ্যাসের প্রভাবে বিভিন্ন সময় আইসোলেশন ভাল্ব এসেম্বলী সেট, ভ্যাকুয়াম রেগুলেটর, ইনজেক্টর, ডেলিভারী লাইন ও কানেকটিং পাইপে ত্রুটি দেখা দিচ্ছে। ক্লোরিনেশন সিস্টেমে ত্রুটি দেখা দেওয়ায় ল্যাবের নির্দেশিত মাত্রায় ডোজিং করা যায় না। ফলে পয়ঃশোধিত পানির কোয়ালিটিতে প্রভাব পড়ে। সেই কারণে ক্লোরিনেশন সিস্টেম মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের জন্য স্পেয়ার পার্টস প্রয়োজন। এছাড়া অত্র প্লান্টে ৫০ কেজি ক্যাপাসিটির ক্লোরিন গ্যাস সিলিন্ডার রয়েছে। প্রতিটি সিলিন্ডারে ১টি করে সিলিন্ডার ভাল্ব রয়েছে। ক্লোরিন গ্যাস রিফিলিং ও ক্লোরিনেশন সিস্টেমে সিলিন্ডার ব্যবহারের ফলে সিলিন্ডার ভাল্ব এর গ্রেট নস্ট হয়ে ভাল্ব ব্যবহারের অনুপযোগী হয়ে যায়। সেই কারণে সিলিন্ডার রিফিলিং এর সময় ভাল্ব পরিবর্তন করে পুনরায় সিলিন্ডার ব্যবহারের উপযোগী করতে হয়। বর্তমানে অত্র বিভাগে সিলিন্ডার ভাল্ব এর মজুদ না থাকায় ব্যবহার উপযোগী সিলিন্ডার ব্যবহার করা যাচ্ছে না। তাছাড়া ক্লোরিনেশন সিস্টেমে লিকেজ বা অন্য কোন দুর্ঘটনা হতে রক্ষার্থে ক্লোরিন রুমের কাজের জন্য কাটিজ মাস্কের প্রয়োজন। বর্তমানে অত্র বিভাগে এসকল মালামাল না থাকায় নতুন মালামাল ক্রয় করা প্রয়োজন।

### সংযুক্তিসমূহ (৬):

- ১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। দরের স্বপক্ষে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বাজার দরের কপি।
- ৪। দরের তুলনামূলক রিপোর্ট।
- ৫। ক্লোরিনেশন সিস্টেম রক্ষণাবেক্ষণের মালামাল ও স্পেয়ার পার্টস ক্রয় কাজের প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

## অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/১০/২৪ ১১:৩৩ অপরাহ্ন

সেই আলোকে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত সর্বনিম্ন দরের ভিত্তিতে “Supply of necessary equipments and spare parts with related works for chlorine system maintenance” শীর্ষক ক্রয় কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৮৪,৭২১.০০(চব্বিশ লক্ষ চুরাশি হাজার সাতশত একশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের ক্লোরিন সিস্টেম রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০২০) খাতের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১১৪; প্যাকেজ নং-G33 হতে নির্বাহ করা যেতে পারে।

## অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৫/১০/২৪ ১১:৩৪ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG2 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

## অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৫/১০/২৪ ১১:৩৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of necessary equipments and spare parts with related works for chlorine system maintenance” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া



শেহত পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উমুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৮৪,৭২১.০০ (চব্বিশ লক্ষ চুরাশি হাজার সাতশত একুশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “ক্লোরিন সিস্টেম রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০২০) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

|                                                                                         |                                                                                                               |                                                                                                            |                                                                                                       |
|-----------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------|
|        |                              |                           |                    |
| ৬/১০/২৪ ৪:০৯ অপরাহ্ন<br>সম্রাট মিয়া<br>উপ-সহকারী প্রকৌশলী<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ | ৬/১০/২৪ ৪:১৪ অপরাহ্ন<br>মোঃ সাইফুল ইসলাম<br>উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ | ৬/১০/২৪ ৪:৪০ অপরাহ্ন<br>মোঃ রাহাত শিকদার<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ | ৬/১০/২৪ ৪:৪০ অপরাহ্ন<br>মিজা গোলাম কিবরিয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল |


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/১০/২৪ ১১:১০ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

|                                                                                                        |                                                                                                                              |
|--------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------|
|                       |                                             |
| ৬/১০/২৪ ১১:১১ অপরাহ্ন<br>মিজা গোলাম কিবরিয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল | ৬/১০/২৪ ১১:১১ অপরাহ্ন<br>মুস্তাফিজুর রহমান<br>প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>প্রধান প্রকৌশলী (পরিচালন ও<br>রক্ষণাবেক্ষণ) |


অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৭/১০/২৪ ৯:০১ অপরাহ্ন

Okay

|                                                                                                                             |                                                                                                        |                                                                                                             |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------|
|                                          |                     |                          |
| ৭/১০/২৪ ৯:০২ অপরাহ্ন<br>মুস্তাফিজুর রহমান<br>প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>প্রধান প্রকৌশলী (পরিচালন ও<br>রক্ষণাবেক্ষণ) | ৭/১০/২৪ ১১:১৩ অপরাহ্ন<br>মিজা গোলাম কিবরিয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল | ৭/১০/২৪ ১১:১৩ অপরাহ্ন<br>মোঃ রাহাত শিকদার<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ |

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৯/১০/২৪ ২:১৯ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

|                                                                                                            |                                                                                                                |                                                                                          |
|------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------|
|                         |                             |       |
| ৯/১০/২৪ ২:২০ অপরাহ্ন<br>মোঃ রাহাত শিকদার<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ | ১০/১০/২৪ ৭:১০ অপরাহ্ন<br>মোঃ সাইফুল ইসলাম<br>উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ | ১০/১০/২৪ ৭:১০ অপরাহ্ন<br>সম্রাট মিয়া<br>উপ-সহকারী প্রকৌশলী<br>পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ |